রূপগঞ্জে সাংবাদিকের অন্তঃসত্ত্বা স্ত্রী-শিশুকে মারধরের অভিযোগ



ছবি: সংগৃহীত

নারায়ণগঞ্জের রূপগঞ্জে পূর্বশত্রুতার জেরে সাংবাদিক মো. ইমরান ভূঁইয়ার অন্তঃসত্ত্বা স্ত্রী ও ১৮ মাস বয়সী শিশুসন্তানকে আঘাত করার অভিযোগ উঠেছে। উপজেলার গণদেবপুর হাজেরা নগর এলাকায় এ ঘটনা ঘটে। এ ঘটনায় পরিবারটির মধ্যে উদ্বেগ ও আতঙ্ক বিরাজ করছে।

ভুক্তভোগী পরিবারের অভিযোগ, পূর্ববিরোধের জেরে কাউসার, মোহাম্মদ আলী আক্কাস, বেগম সানজানা আহমেদ রাফি, মিনারা বেগম, নুসরাত ও সুহী তাঁদের ওপর হামলা চালান। এতে ইমরান ভূঁইয়ার অন্তঃসত্ত্বা স্ত্রী ও শিশুসন্তান আহত হন।

LENS ASIA

পরিবারের পক্ষ থেকে জানানো হয়, ঘটনার পর আহত দুজনকে চিকিৎসার জন্য রূপগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হয়। সেখানে তাঁদের চিকিৎসা দেওয়া হয়েছে।

অন্তঃসত্ত্বা নারী ও ১৮ মাসের শিশুকে আঘাত করার অভিযোগে এলাকায় উদ্বেগ তৈরি হয়েছে। ভুক্তভোগী পরিবার ঘটনার সুষ্ঠু তদন্ত, পরিবারের নিরাপত্তা নিশ্চিত এবং অভিযোগের সত্যতা যাচাই করে দায়ীদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়ার দাবি জানিয়েছে।

সাংবাদিক মো. ইমরান ভূঁইয়া ও তাঁর পরিবার ন্যায়বিচার নিশ্চিত করতে সংশ্লিষ্ট প্রশাসনের জরুরি হস্তক্ষেপ কামনা করেছেন।